

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০০.৯৯.০০১.২০- ৯৩৪

তারিখ: ০২/১২/২০২১ খ্রি:

অস্থায়ী ইজারার নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গৌরনদী উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত ভিপি সম্পত্তি বাংলা ১৪২৮ থেকে ১৪৩০ সন পর্যন্ত এককালীন ০৩ (তিন) বৎসরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত উন্মুক্ত ডাক আগামী ০৬/১২/২০২১ তারিখ বিকেল ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রকাশ্যে অনুষ্ঠিত হবে। উক্ত প্রকাশ্য ডাকে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তিগণকে উপস্থিত থেকে ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তফসিল :

জে এল নং	: এসএ -১৯৯, বিএস-১০৫
মৌজা	: সিংগা
খতিয়ান নং	: বিএস ১/১
দাগ নং	: এস এ- ১১৪,১২২,১৪৪ বিএস- ১৩৮, ১৪৭, ১৬৪
শ্রেণি	: পুকুর
জমির পরিমাণ	: ১.৪৫ একর

উন্মুক্ত ডাকের শর্তাবলী :

- ০১। উন্মুক্ত ডাক হওয়ার সাথে সাথে ডাককারীকে ডাকের সমুদয় টাকা জমা দিতে হবে।
- ০২। ডাকের সমুদয় টাকা পরিশোধ করার পর ইজারাদার কর্তৃক ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে স্বাক্ষরান্তে ডাক অনুমোদন সাপেক্ষে পুকুরের দখল হস্তান্তর করা হবে।
- ০৩। প্রকাশ্য ডাকের সময় নগদ ১০,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) প্রদান সাপেক্ষে প্রকাশ্য ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ০৪। কোন ভাবে সাব-লীজ দেয়া যাবে না। সাব লীজ দেয়া হয়েছে মর্মে প্রতীয়মান হলে তাৎক্ষণিক ইজারার আদেশ বাতিল করা হবে।
- ০৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিধি অনুযায়ী পুকুরের ডাক গ্রহণের অথবা ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বা.

(বিপিন চন্দ্র বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০০.৯৯.০০১.২০- ৯৩৪/১(৫)

তারিখ: ০২/১২/২০২১ খ্রি:

অনুলিপি : (সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শ্রেণে করা হলো)

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল।
- ২। অফিসার-ইন-চার্জ, গৌরনদী মডেল থানা, গৌরনদী, বরিশাল (থানার নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো)।
- ৩। চেয়ারম্যান, বাটাজোর ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল (তাকে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বাটাজোর ইউনিয়ন ভূমি অফিস, গৌরনদী, বরিশাল (তাকে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।
- ৫। অফিস নথি।

স্বা.
(বিপিন চন্দ্র বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
গৌরনদী, বরিশাল।